# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৯৩২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬. তৃতীয় অনুচ্ছেদ - নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দরূদ পাঠ ও তার মর্যাদা

---

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مَنْ سَرَّهُ أَنْ يَكْتَالَ بِالْمِكْيَالِ الْأَوْفَى إِذَا صَلَّى عَلَيْنَا أَهْلَ الْبَيْتِ فَلْيَقُلْ اللَّهُمَّ صَلِّ على مُحَمَّد وَأَزْوَاجِهِ أُمَّهَات الْمُؤْمِنِينَ وَذُرِّيَّتِهِ وَأَهْلِ بَيْتِهِ كَمَا صَلَّيْتَ عَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حُمَيْدٌ مَجِيدٌ» . رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

৯৩২-[১৪] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি পূর্ণ মাপে বেশি বেশি সাওয়াব লাভে আনন্দিত হতে চায় সে যেন আমার ওপর দরূদ পাঠ করে, আহলে বায়তের ওপরও যেন দরূদ পাঠ করে। বলে,

আল্লা-হুম্মা সল্লি ’আলা- মুহাম্মাদীন্ নবীয়্যিল উমমিয়্যি, ওয়া আয্ওয়া-জিহী, ওয়া উম্মাহা-তিল মু’মিনীনা, ওয়া যুররিইয়্যাতিহী ওয়া আহলে বায়তিহী, কামা- সল্লায়তা ’আলা- আ-লি ইব্র-হীমা, ইন্নাকা হামীদুম্ মাজীদ’’।

(অর্থাৎ- হে আল্লাহ! নবী মুহাম্মাদ, তাঁর স্ত্রীগণ, মু’মিনদের মা, তাঁর বংশধর ও পরিবার-পরিজনের ওপর রহমত অবতীর্ণ কর। যেভাবে তুমি রহমত অবতীর্ণ করেছো ইব্রাহীম ও তাঁর পরিবার-পরিজনের ওপর)। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাউদ ৯৮২, য‘ঈফুল আল জামি‘ ৫৬২৬। কারণ এর সানাদে হিব্বান ইবনু ইয়াসার আল ক্বিলাবী রয়েছে যাকে আবূ হাতিম (রহঃ) হাদীস বর্ণনায় দুর্বল বলেছেন আর ইবনু ‘আদী (রহঃ) তার হাদীসকে ত্রুটিযুক্ত বলে মন্তব্য করেছেন। ইবনু হাজার (রহঃ) ‘‘তাক্বরীব’’-এ বলেছেনঃ সে সত্যবাদী তবে মুখস্থশক্তিতে গড়পড় রয়েছে। আর ‘‘তাহযীবে’’ তাকে মুখতালাফ ফি বলেছেন। এ হাদীসটি যে আবূ মুত্বররাফ ‘উবায়দুল্লাহ ইবনু ত্বলহাহ্ থেকে বর্ণনা করেছেন যাকে ইবনু হিব্বান ছাড়া আর কেউ বিশ্বস্ত বলেননি। আর ইবনু হাজার (রহঃ) তাকে (‘উবায়দুল্লাহ ইবনু ত্বলহাহ্) হাদীস বর্ণনায় শিথিল বলে উল্লেখ করেছেন।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: উত্তম দরূদ হলো ইতিপূর্বে উল্লিখিত কা‘ব ইবনু ‘উজরাহ্, অথবা আবূ হুমায়দ বা আবূ সা‘ঈদ খুদরী (রাঃ) বর্ণিত দরূদ যা বুখারীতে এসেছে। সেখানে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীগণেরকে দরূদ শিক্ষা দিয়েছেন যখন সাহাবীরা দরূদ পাঠের পদ্ধতি সম্পর্কে জানতে চেয়েছিলেন। সুতরাং প্রমাণ করে সেটা উত্তম দরূদ, কেননা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজের জন্য সবচেয়ে উত্তমটা পছন্দ করেন। তবে আবূ হুরায়রাহ্ (রাঃ)-এর বর্ণিত হাদীসের দরূদটিও ভালো, কেননা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ভাষ্য।

হাদীস বিশারদরা এ হাদীসটিকে দলীল হিসেবে সাব্যস্ত করেছেন যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রী ও সন্তানেরা তাঁর পরিবারের অন্তর্ভুক্ত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55491

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন